# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৯০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا بِذَلِكَ أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ عَلِيٍّ الْوَرَّاقُ ، نَا خَالِدُ بْنُ خِدَاشٍ ، نَا حَمَّادُ بْنُ زَيْدٍ ، عَنْ هِشَامٍ ، عَنِ الْحَسَنِ ، قَالَ : " بَيْنَا النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي إِذْ جَاءَ رَجُلٌ فِي بَصَرِهِ ضُرٌّ ـ أَوْ قَالَ أَعْمَى ـ فَوَقَعَ فِي بِئْرٍ ، فَضَحِكَ بَعْضُ الْقَوْمِ ، فَأَمَرَ مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ " فَذَكَرْتُهُ لِحَفْصِ بْنِ سُلَيْمَانَ ، فَقَالَ : أَنَا حَدَّثْتُ بِهِ الْحَسَنَ ، عَنْ حَفْصَةَ ، فَهَذَا هُوَ الصَّوَابُ عَنِ الْحَسَنِ الْبَصْرِيِّ مُرْسَلًا

বাংলা

৫৯০(১৪). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আল-হাসান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায পড়ছিলেন। তখন ত্রুটিপূর্ণ দৃষ্টিশক্তিযুক্ত অথবা অন্ধ এক ব্যক্তি এলো এবং সে একটি গর্তে পড়ে গেল। তাতে (নামাযরত) কতক লোক হেসে দিলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে পুনরায় উযু করে নামায পড়ার নির্দেশ দিলেন। আমি এই হাদীস হাফস ইবনে সুলায়মানের নিকট উল্লেখ করলে তিনি বলেন, আমি এই হাদীস হাফসা (রাঃ) এর সূত্রে আল-হাসান (রহঃ)-এর নিকট বর্ণনা করেছি। আল-হাসান আল-বাসরী (রহঃ) থেকে মুরসালরূপে বর্ণিত সূত্রটিই যথার্থ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন